

## অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী সততার আদর্শ মোহাম্মদ খায়রুল আলম

তুমি ছিলে নিরব ছায়ার মতো  
বৃক্ষের ন্যায় তুমি জাতিকে ছায়া দিয়ে গেছো।  
জাতির কঠিন সময় তুমি হাল ছাড়োনি।  
সততা, সত্যিই কত না সম্মান বয়ে আনতে পারে  
তুমিই তার উজ্জ্বল উদাহরণ।

তোমার ন্যায় নিষ্ঠা জাতির কাছে আজ, আদর্শের ঠিকানা।  
তোমার আর্শিবাদ পুষ্ট অনেকে আজ, হয়েছে আদর্শবান সু-নাগরিক।  
তোমার সুদক্ষ জ্ঞান, জাতির জন্য ছিল অমিয় সুধার মতো।  
সুন্দর এই বাংলার বিনির্মাণে তোমার অবদান অপরিসীম।  
জাতির কঠিন সংকটে তুমি দিয়েছ সুন্দর সমাধান।

নিরঅহংকার, প্রচার বিমুখতা, তোমার চরিত্রের ছিল অনন্য বৈশিষ্ট্য।  
পৃথিবী থেকে প্রতিনিয়ত হারিয়ে যাচ্ছে কতই না প্রাণ।  
কে খবর রাখে ক'জন্যের।  
কিন্তু তোমার এই প্রয়াণ যেন চির দিনই  
বিষাদের সুর বয়ে যাবে, কারণ তুমি ছিলে পর্বত সমান।

তুমি ছিলে যুগান্তকারী প্রকৌশলী, অধ্যাপনায় ছিলে শীর্ষে,  
গবেষক হিসেবে তোমার অবদান ছিল অপরিসীম।  
তুমি বাঙ্গালি জাতির জন্য ছিলে আর্শিবাদ।  
স্বপতি শিল্পে তুমি দিয়েছ, কল্পনাতিত সাফল্য।  
তোমার সুন্দর শিল্পকর্ম, অনেকের অনুপ্রেরণার উৎস।